



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০  
[www.bnswc.gov.bd](http://www.bnswc.gov.bd)

নং ৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৭০.২২-৬০৮

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো :

প্রতিষ্ঠানের ধরন	আবেদন জমার স্থান	আবেদন ফি ও ফরম নং
ক) জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে স্বীকৃতিপ্রাপ্ত)	নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ২২৪/১, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০	৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার (ফরম-'ক')
খ) রোগীকল্যাণ সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-'খ')
গ) শহর সমাজ উন্নয়ন কার্যক্রম (ইউসিডি)	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-'খ')
ঘ) অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি	সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-'খ')
ঙ) নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয়	১০০/- (একশত) টাকা (ফরম-'গ')

### ২। আবেদন করার যোগ্যতা :

স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান।


### ৩। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন;
- হালনাগাদ কার্যকরী কমিটির তালিকা;
- কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত বিগত ০৩(তিন) বছরের আয়-ব্যয়ের বিবরণী;
- নিবন্ধন সনদের কপি এবং বিগত বছরের নিরীক্ষা প্রতিবেদন;
- অনলাইন ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নম্বর সম্বলিত ব্যাংক সনদ।

উল্লেখ্য, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদানের জন্য আবশ্যিকভাবে ব্যাংক হিসাব সংশ্লিষ্ট উল্লিখিত সকল তথ্য আবেদনের সাথে প্রদান করতে হবে। অন্যথায়, অনুদানের জন্য উক্ত সংগঠনকে বিবেচনা করা হবে না।

### ৪। আবেদন জমাদানের শেষ তারিখ : ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি.

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েবসাইট [www.bnswc.gov.bd](http://www.bnswc.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোনো আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
শেখ শহিদুল ইসলাম  
নির্বাহী সচিব(যুগ্মসচিব)  
ফোন: ০২২২২২২৮১২৫  
ই-মেইল: [es@bnswc.gov.bd](mailto:es@bnswc.gov.bd)